

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

বিজ্ঞপ্তি

তারিখ : ১৯/১২/২০১৬ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজে অধ্যয়নরত সকল ছাত্রী, বর্তমান শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং প্রাক্তন ছাত্রী, শিক্ষক, কর্মচারীদের জনানো যাচ্ছে যে, লালমাটিয়া মহিলা কলেজের ৫০ বছর পূর্ণ উপলক্ষে আগামী ২৬, ২৭, ও ২৮ ডিসেম্বর ২০১৬ খ্রি: তারিখ তিনদিন ব্যাপী সুবর্ণ জয়ষ্ঠা ২০১৬ উৎসবের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে যোগদানের জন্য সকলকে ID Card এবং উপহার প্রদান করা হবে। সংগ্রহের তারিখ ২৪/১২/২০১৬, সময় সকাল ৯.০০-টা থেকে বিকেল ৩.০০-টা পর্যন্ত। সকলকে অবশ্যই রেজিস্ট্রেশন ফি জমার রসিদ সঙ্গে আনতে হবে।

- অধ্যয়নরত উচ্চ মাধ্যমিক ১ম ও ২য় বর্ষের সকল ছাত্রীরা সংশ্লিষ্ট গাইড শিক্ষকদের নিকট থেকে উল্লিখিত মালামাল গ্রহণ করতে হবে।
- অধ্যয়নরত অনার্স ও মাস্টার্স শ্রেণির এবং প্রাক্তন অনার্স ও মাস্টার্স শ্রেণির ছাত্রীরা সংশ্লিষ্ট বিভাগ থেকে উল্লিখিত মালামাল গ্রহণ করতে হবে। কর্মচারীদের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ মনিরুল হক-এর নিকট থেকে গ্রহণ করতে হবে।
- প্রাক্তন ছাত্রী যারা উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়ন করেছেন তারা প্রশাসনিক ভবনের ১০৫ নম্বর কক্ষ থেকে সংগ্রহ করবেন।

অনুষ্ঠানে অংশগ্রহণের নিয়মাবলী ও সূচি :

- (১) ২৬/১২/২০১৬ খ্রি: তারিখ : রেজিস্ট্রেশনকৃত সকল বর্তমান ও প্রাক্তন ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সকাল ১০.০০-টার মধ্যে কলেজ ক্যাম্পাসে প্রবেশ করতে হবে।
- (২) মহামান্য রাষ্ট্রপতির আগমন উপলক্ষে সকল রেজিস্ট্রেশনকৃতরা শুধুমাত্র সুবর্ণ জয়ষ্ঠা ২০১৬ এর জন্য সরবরাহকৃত ID Card এবং কুপন সঙ্গে আনতে পারবে। সুবর্ণ জয়ষ্ঠা উপলক্ষে সরবরাহকৃত ব্যাগ, মোবাইল ও অন্যান্য দ্রব্য সঙ্গে আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- (৩) অধ্যয়নরত উচ্চ মাধ্যমিক ১ম ও ২য় বর্ষের ছাত্রীরা কলেজ ড্রেস এবং অনার্স ও মাস্টার্সের ছাত্রীদের সাদা এ্যাপ্রোন পরিধান করা বাধ্যতামূলক।

২৭/১২/২০১৬ খ্রি: তারিখ : ছাত্রীদের সুবর্ণ জয়ষ্ঠা উপলক্ষে সরবরাহকৃত ব্যাগ, টি-শার্ট, ID Card ও কুপন সঙ্গে আনতে হবে। পোষাক ইচ্ছেমত পড়তে পারবে। এইদিন শুধুমাত্র রেজিস্ট্রেশনকৃতরাই অংশগ্রহণ করতে পারবে।

২৮/১২/২০১৬ খ্রি: তারিখ : অনার্স ১ম বর্ষের ছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠান, সুবর্ণ জয়ষ্ঠা ২০১৬ এর র্যালী এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। উক্ত তারিখে রেজিস্ট্রেশন ছাড়াও সকল বর্তমান ও প্রাক্তন ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করতে পারবেন।


অব্যুক্ত
লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭।